



গাজায় গণহত্যায় সহযোগিতার অভিযোগে মেলোনির বিরুদ্ধে আইসিসি মামলা



সংগৃহীত ছবি

গাজায় ইসরায়েলি আগ্রাসনে সহযোগিতার অভিযোগে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনিসহ কয়েকজন মন্ত্রীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) মামলা হয়েছে। এ ঘটনায় ইতালিজুড়ে বিক্ষোভ শুরু হয়েছে, যেখানে মেলোনির বিরুদ্ধেও ক্ষোভ বারছে।

গাজায় ইসরায়েলি আগ্রাসনের ঘটনায় “গণহত্যায় সহযোগিতার অভিযোগে” আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) মামলা হয়েছে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি, প্রতিরক্ষামন্ত্রী গুইদো ফ্রোসেন্তো ও পররাষ্ট্রমন্ত্রী আন্তোনিও তায়ানির বিরুদ্ধে।

বুধবার (৮ অক্টোবর) বার্তা সংস্থা রয়টার্স ও আল জাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। মামলায় আরও নাম এসেছে প্রতিরক্ষা শিল্প প্রতিষ্ঠান লিওনার্দোর প্রধান রবার্তো চিনগোলানিক-এর।

রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আরএআইকে দেওয়া এক সাক্ষাৎকারে মেলোনি বলেন, “পৃথিবীর ইতিহাসে এমন নজিরবিহীন ঘটনা আগে কখনও ঘটেনি।” তবে তিনি কোন প্রেক্ষাপটে এ মন্তব্য করেছেন, তা স্পষ্ট করেননি।

এএফপি-র বরাত দিয়ে আল জাজিরা জানায়, মামলার অভিযোগপত্রে আইনজীবী, অধ্যাপক ও বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিসহ মোট ৫০ জন স্বাক্ষর করেছেন।

সম্প্রতি গাজায় হত্যাযজ্ঞের প্রতিবাদে ইতালির বিভিন্ন শহরে বড় আকারের বিক্ষোভ চলছে। অনেক বিক্ষোভকারী প্রধানমন্ত্রী মেলোনির নীতির বিরুদ্ধে সরাসরি ক্ষোভ প্রকাশ করছেন এবং গাজায় ইসরায়েলকে সমর্থনের নিন্দা জানাচ্ছেন।